

ইনফরমেশন ও নলেজ ম্যানেজমেন্ট বিষয়ে

# ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ৩ দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন শুরু

টিডিসি রিপোর্ট ০২৫ জুন ২০২১, ১৬:২৮



আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিরা

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ অ্যান্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট বিভাগ বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের সহযোগিতায় ইনফরমেশন ও নলেজ ম্যানেজমেন্টের ওপর তিন দিনব্যাপী দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন (i-IKM 2021) শুরু হয়েছে।

করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সম্মেলনটি ভার্চুয়াল মাধ্যমে ২৪ জুন থেকে শুরু হয়েছে। আগামীকাল শনিবার (২৬ জুন) পর্যন্ত চলা এই আয়োজনের উদ্বোধনী অনুষ্ঠান বৃহস্পতিবার (২৪ জুন) অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সংযুক্ত ছিলেন পরিকল্পনা মন্ত্রী এম. এ. মান্নান। উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতি হিসেবে সংযুক্ত ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও প্রতিষ্ঠাতা উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। বিশেষ অতিথি হিসেবে সংযুক্ত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ

জিয়াউলহক মামুন।

এছাড়া আরও সংযুক্ত ছিলেন সম্মেলনের সভাপতি ও ইনফরমেশন স্টাডিজ অ্যান্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারপারসন ড. দিলারা বেগম। উদ্বোধনী অনুষ্ঠানের মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ইতালির পারমা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আনা মারিয়া তামারু।

অনুষ্ঠানের শুরুতেই সভাপতি, বিশেষ অতিথি এবং সম্মেলনের সভাপতিকে সঙ্গে নিয়ে প্রধান অতিথি কনফারেন্স প্রসিডিংসের ই-বুকের মোড়ক উন্মোচন করেন। প্রধান অতিথি পরিকল্পনা মন্ত্রী এম. এ. মান্নান তার বক্তব্যে বলেন, টেকসই তথ্য প্রতিষ্ঠান সরকারের এসডিজি লক্ষ্য পূরণে সহায়তা করছে এবং জ্ঞান ভিত্তিক সমাজ গঠনে ভূমিকা রাখছে। এছাড়াও তিনি আয়োজকদের এই পদক্ষেপের প্রশংসা করেন।

আজ ও আগামীকাল অনুষ্ঠিতব্য সেশনে মোট ৪৯ জন উপস্থাপক তাদের পেপার উপস্থাপন করবেন। কারিগরি সেশনে ইনফরমেশন ও নলেজ ম্যানেজমেন্টের বৈচিত্রময় বিষয়গুলো আলোচনা করা হবে।

আয়োজকের পক্ষ থেকে জানানো হয়েছে, আমেরিকা, মেক্সিকো, ইতালি, অস্ট্রেলিয়া, ইন্দোনেশিয়া, বসনিয়া-হার্জেগোভিনা, দক্ষিণ আফ্রিকা, সুইডেন, হং কং, তুরস্ক এবং ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশের পেশাজীবীরা কারিগরি সেশনে তাদের অভিজ্ঞতা এবং ব্যবহারিক জ্ঞান বিতরণ করবেন।

উপদেষ্টা সম্পাদক: মাহবুব রনি

১২৮/১, পূর্ব তেজতুরি বাজার, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

ফোন: +৮৮০১৮১২৫৪৯৭৮১, ০১৭১২৪৬৮৮৯৭, ইমেইল:

news@thedailycampus.com